




# নিরাপদ ইন্টারনেট ব্যবহারের কৌশল



Digital  
Literacy  
Center








মনটা ভীষণ  
খারাপ। কথা বলো  
না চুপচাপ করে  
থাকো।

ঠিক আছে।  
কিন্তু আগে আমাকে বলো তোমার ফেসবুক,  
ইন্সটাগ্রাম, হোয়াটসঅ্যাপ সব বন্ধ কেন?



সেজন্যই  
তো মন খারাপ।


আচ্ছা কী হয়েছে সেটা বলো?



গতকাল একটা দাওয়াতে গিয়েছিলাম। পরশু রাতে  
ফোনে চার্জ দেয়ার কথা একেবারেই মনে ছিল না।  
সে জন্য ফোন বন্ধ হয়ে যায়।

একটা স্টোরি আপলোড দিবো! তাই দশিতার ফোন থেকে ফেসবুকে  
লগ ইন করি। রাতে বাসায় ফিরে ফোন চার্জ দিয়ে ঘুমিয়ে পড়ি।

আজ সকালে ঘুম থেকে উঠেই ফোন হাতে নিয়ে ফেসবুকে প্রবেশ  
করতে গিয়ে দেখি কোনো ভাবেই লগ ইন করতে পারছি না। ঠিক  
একই অবস্থা ইনস্টাগ্রাম ও হোয়াটসঅ্যাপ অ্যাকাউন্টেরও।



বুঝেছি। আমরা অন্যের ডিভাইস দিয়ে লগ ইন করলে  
মনের ভুলে তথ্য সে ডিভাইসে রেখে চলে আসি। যার  
ফলে এমন অ্যাকাউন্ট হ্যাক হওয়ার মত ঘটনা ঘটে।

এভাবেই আমরা অনলাইন মাধ্যমে নিজেদেরই  
ভুলের কারণে বিভিন্ন সমস্যার সম্মুখীন হচ্ছি। কিন্তু  
সহজ কয়েকটি বিষয় সম্পর্কে জানা থাকলেই  
নিরাপদে ইন্টারনেট ব্যবহার করা সম্ভব হয়।



আমাকে একটু  
সেই বিষয়গুলো  
বলো না প্লিজ।

শোনো নতুন আপডেটেড অ্যাপ, সফটওয়্যার,  
ব্রাউজার ও অপারেটিং সিস্টেমের নিরাপত্তা  
আরো জোরদার করা হলে নিরাপদে ইন্টারনেট  
ব্যবহার করা যায়।

তাই নিরাপত্তা জনিত কারণে পুরাতন  
অ্যাপ/সফটওয়্যার ব্যবহার না করাই উত্তম।

তারপর সবসময় অ্যান্টি-ভাইরাস চালু রাখলে  
ডিভাইসকে ভাইরাস ও ম্যালওয়্যারের আক্রমণ  
থেকে রক্ষা করা সম্ভব।

ঠিক আছে।  
তারপর?

তারপর অপ্রয়োজনীয় এবং অনুপযোগী  
ওয়েবসাইটে প্রবেশ করা থেকে বিরত থাকতে  
হবে। এছাড়া বিভিন্ন ওয়েবসাইটে নানা রকম  
আকর্ষণীয় বিজ্ঞাপনসমূহে ক্লিক করা যাবে না।

কোনো খার্ড-পার্টি অ্যাপ ইনস্টল ও ব্যবহারের সময়  
যদি ব্যক্তিগত তথ্যে প্রবেশাধিকার চাওয়া হয় তাহলে  
অনুরোধটি বাতিল করে দিতে হবে।

তারপর কোনো পাইরেটেড ওয়েবসাইট  
অথবা অপরিচিত লিংকে প্রবেশ করে  
অডিও, ভিডিও, অ্যাপ/সফটওয়্যার বা  
অন্য কোনো ফাইল ডাউনলোড করা  
উচিত নয়।

এসব ওয়েবসাইট ও লিংকে প্রচুর কম্পিউটার  
ভাইরাস ও ম্যালওয়্যার থাকতে পারে যা  
ডিভাইসের ক্ষতিসাধন করতে পারে।

সেই সাথে ভাইরাসগুলো ডিভাইসে  
সংরক্ষিত গুরুত্বপূর্ণ তথ্যাবলিও  
বিনষ্ট করে ফেলতে পারে।

মনে থাকবে?



থাকবে।  
তারপর?

তারপর ব্যক্তিগত ডিভাইস ব্যতীত  
অন্যের ডিভাইসে নিজের সোশ্যাল  
অ্যাকাউন্ট লগ ইন করা ঠিক নয়।

কোনো কারণে লগ ইন করতে হলে কাজ শেষে  
অবশ্যই অ্যাকাউন্ট থেকে লগ আউট করতে হবে  
এবং অ্যাকাউন্টের লগ ইন তথ্য মুছে ফেলতে হবে।

এছাড়া অনলাইন পরিমণ্ডলে যে কোনো  
তথ্য প্রদানের আগে চিন্তা-ভাবনা করে  
তথ্য প্রদান করতে হবে।

বিভিন্ন সাইবার অপরাধ এবং সেগুলোর শাস্তি  
সম্পর্কে জানতে হবে এবং কোথাও কোনো সাইবার  
অপরাধ ঘটতে দেখলে রুখে দাঁড়াতে হবে।

ঠিক আছে। তার মানে  
এখন সবার আগে এ কথা  
গুলো দীর্ঘতাকে জানাতে  
হবে।

হ্যাঁ জানাও।

তোমাকে অনেক  
ধন্যবাদ বাশার।